গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব বাবলু কুমার সাহা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

তারিখ : ১৮ মার্চ ২০২১ খ্রি.	সময় : সকাল ৯:৩০ টা
স্থান : অধিদপ্তরের সভা কক্ষ

**(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক')**

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিগত ২৭ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়নের বিষয়ে নিম্নরূপ আলোচনা করা হয়:

আলোচ্যসূচি-১: পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্রমিক | পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | প্রতি ০৩ (তিন) মাস অন্তর নৈতিকতা কমিটির সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রতি ০৩ (তিন) মাস অন্তর ১ম, ২য় ও ৩য় ত্রৈমাসিকে তিনটি নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হয়েছে। | প্রশাসন শাখা |
| ২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করা হয়েছে। | সকল শাখা |
| ৩ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট ১৩০ জন কর্মকর্তা-কর্মচারীর প্রশিক্ষণ সম্পন্ন করার উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | প্রশিক্ষণ ও প্রচার শাখা |
| ৪ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট ১৩০ জন কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ সম্পন্ন করার উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট ১৩০ জন কর্মকর্তা-কর্মচারীর মধ্যে ৩য় ত্রৈমাসিকে ৯৬ জন এর প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | প্রশিক্ষণ ও প্রচার শাখা |
| ৫ | অধিদপ্তরের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাক্রমে ৩০.০৯.২০, ৩১.১২.২০, ৩১.০৩.২১ ও ৩০.০৬.২১ তারিখে হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অধিদপ্তরের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ করা হয়। ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী বর্ণিত সেবাবক্স ইতোমধ্যে ৩০.০৯.২০ ও ৩১.১২.২০ তারিখে হালনাগাদ করা হয়েছে। | প্রশাসন শাখা |
| ৬ | অধিদপ্তরের ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাক্রমে ৩০.০৯.২০, ৩১.১২.২০, ৩১.০৩.২১ ও ৩০.০৬.২১ তারিখে হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অধিদপ্তরের ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ করা হয়। ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী বর্ণিত সেবাবক্স ইতোমধ্যে ৩০.০৯.২০ ও ৩১.১২.২০ তারিখে হালনাগাদ হয়েছে। | প্রশাসন শাখা |
| ৭ | ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাক্রমে ৩০.০৯.২০, ৩১.১২.২০, | ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ করা হয়। ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী বর্ণিত সেবাবক্স | প্রশাসন শাখা |

D:\Al Amin 2018\Atia Sultana\APA & NIS 2020-21\APA 2020-2021\NIS 2020-21 Report\Resoluation of NIS 3rd সভা 21.docx

| ক্রমিক | পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ৩১.০৩.২১ ও ৩০.০৬.২১ তারিখে হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইতোমধ্যে ৩০.০৯.২০ ও ৩১.১২.২০ তারিখে হালনাগাদ করা হয়েছে। | |
| ৮ | অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণের বিষয়ে আলোচনা করা হয়। | অনলাইন সিস্টেমে প্রাপ্ত অভিযোগ ১০০% নিষ্পত্তি করা হয়। | সকল শাখা |
| ৯ | ই-টেন্ডারের মাধ্যমে ২০% ক্রয় কার্য (টেন্ডারের ক্যাটাগরিতে ক্রয়যোগ্য) সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক. ভোক্তা সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৩ লক্ষ প্যাম্ফলেট, ৪ লক্ষ লিফলেট ও ৫০ হাজার ক্যালেন্ডার মুদ্রণ এবং বিতরণের লক্ষ্যে e-Gp তে টেন্ডার আহবান করা হয় এবং দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক প্রস্তাবিত প্রতিষ্ঠানের মাধ্যমে বর্ণিত প্রচার সামগ্রী মুদ্রণ ও বিতরণ করা হয়েছে।<br>খ. বিশ্ব ভোক্তা-অধিকার দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে ওসমানী অডিটোরিয়াম, টিসিবি বিল্ডিং, বাংলাদেশ সচিবালয়, ঢাকা শহরের গুরুত্বপূর্ণ সড়কপথ, বাজার ও ফুটওভার ব্রীজ সজ্জিতকরণ, ট্রাক-শো এবং আমন্ত্রণপত্র মুদ্রণপূর্বক সরবরাহের জন্য e-Gp তে টেন্ডার আহবান করা হয় এবং দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক প্রস্তাবিত প্রতিষ্ঠানের মাধ্যমে বর্ণিত কার্যক্রম সম্পাদন করা হয়।<br>গ. লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-টেন্ডারের মাধ্যমে ২০% ক্রয় কার্য (টেন্ডারের ক্যাটাগরিতে ক্রয়যোগ্য) সম্পাদন করা হয়েছে। | প্রশাসন শাখা |
| ১০ | ২০২০-২০২১ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৬টি শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২০-২০২১ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় ত্রৈমাসিকে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ১টি শাখা (কার্যক্রম) পরিদর্শন সম্পন্ন করা হয়েছে। | সকল শাখা |
| ১১ | শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ ১০০% বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অধিদপ্তরের পরিদর্শনকৃত শাখার সুপারিশ ১০০% বাস্তবায়ন করা হয়েছে। উদাহরণস্বরুপ কার্যক্রম শাখার সুপারিশ অনুযায়ী কম্পিউটারের প্রিন্টার মেরামত করা হয়েছে। | সকল শাখা |
| ১২ | নিয়মিত অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম মনিটরিং এর জন্য প্রতি ত্রৈমাসিকে ৬টি করে মোট ২৪টি সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নিয়মিত অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম মনিটরিং এর জন্য ৩য় ত্রৈমাসিক পর্যন্ত ১৯টি সভা আয়োজন করা হয়েছে। | কার্যক্রম শাখা |
| ১৩ | নিয়মিত বাজার অভিযান কার্যক্রম মনিটরিং এর জন্য প্রতি ত্রৈমাসিকে ৬টি করে মোট ২৪টি সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নিয়মিত বাজার অভিযান কার্যক্রম পর্যালোচনার জন্য ৩য় ত্রৈমাসিক পর্যন্ত ১৯টি সভা আয়োজন করা হয়েছে। | কার্যক্রম শাখা |
| ১৪ | ২০২০-২০২১ অর্থবছরে ১০০০০ টি বাজার তদারকি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২০-২০২১ অর্থবছরে ৩য় ত্রৈমাসিক পর্যন্ত ১০,১০০ টি বাজার তদারকি সম্পন্ন করা হয়েছে। | কার্যক্রম শাখা |
| ১৫ | ২০২০-২০২১ অর্থবছরে ৮০% ভোক্তাদের অভিযোগ নিষ্পত্তির সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২০-২০২১ অর্থবছরে ৩য় ত্রৈমাসিক পর্যন্ত ৮০% ভোক্তাদের অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। | কার্যক্রম ও তদন্ত শাখা |
| ১৬ | ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ প্রচারের লক্ষ্যে ৩ লক্ষ প্যাম্ফলেট, ৪ লক্ষ লিফলেট ও ৫০ হাজার ক্যালেন্ডার মুদ্রণ ও বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ প্রচারের লক্ষ্যে ৩য় ত্রৈমাসিক পর্যন্ত ২ লক্ষ ৮৮ হাজার প্যাম্ফলেট, ৩ লক্ষ ৮৩ হাজার লিফলেট ও ৫০ হাজার ক্যালেন্ডার মুদ্রণ ও বিতরণ করা হয়েছে। | কার্যক্রম ও তদন্ত শাখা |
| ১৭ | নির্ধারিত সময়ে প্রতি ত্রৈমাসিকে ০১টি করে মোট ০৪টি পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক. নির্ধারিত সময়ে ১ম ও ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন বাণিজ্য মন্ত্রণালয়ে দাখিল ও ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>খ. নির্ধারিত সময়ে ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন বাণিজ্য মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। | প্রশাসন শাখা |

| ক্রমিক | পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১৮ | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের লক্ষ্যে ৩১.০৩.২০২১ তারিখের মধ্যে সভা/কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের লক্ষ্যে ৩১.০৩.২০২১ তারিখের মধ্যে সভা/কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | প্রশাসন শাখা |

আলোচ্যসূচি-২: অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন:

ক. অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনে যথোপযোগী উদ্যোগ গ্রহণ করতে হবে।

খ. শুদ্ধাচার, তথ্য অধিকার ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত সেবাবক্স ৩১.০৩.২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে হালনাগাদ করতে হবে।

গ. নির্ধারিত সময়ে অধিদপ্তরের ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন বাণিজ্য মন্ত্রণালয়ে দাখিলপূর্বক অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(বাবলু কুমার সাহা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৮১৮৯৪২৬
ই-মেইল: dg@dncrp.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১০৮.১৬.০৪২.২০.২৯২ তারিখ: ১৮ মার্চ ২০২১ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(কার্যক্রম ও গবেষণাগার), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
২। উপসচিব (বাজেট শাখা), বাজেট অধিশাখা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপপরিচালক (সকল), প্রধান কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। সহকারী পরিচালক (সকল) প্রধান কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৫। অফিস কপি।

১৮/০৩/২০২১
(বাবলু কুমার সাহা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)